

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে:

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৫	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দান রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			

MRT Line-5: Northern Route

২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত পাতাল ও উড়াল সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১৩.৫০ কিলোমিটার এবং উড়াল ৬.৫০ কিলোমিটার) ও ১৪টি স্টেশন (পাতাল ৯টি এবং উড়াল ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর Feasibility Study ও Basic Design সম্পন্ন হয়েছে। বিভিন্ন সার্ভে ও Detailed Design এর কাজ চলছে। সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত Detailed Design এর অগ্রগতি ৬২.৬০%। হেমায়েতপুর ডিপোর ভূমি উন্নয়ন সংক্রান্ত প্যাকেজ CP-01 এর আন্তর্জাতিক দরপত্র গত ২৭ জুন ২০২২ তারিখ আহ্বান করা হয়েছে এবং দাখিলতব্য দলিলাদি উন্মুক্ত করার তারিখ ১২ অক্টোবর ২০২২। প্যাকেজ CP-02, CP-07, CP-08 এবং CP-09 এর দরপত্র দলিল প্রস্তুতকরণের কার্যক্রম চলমান রয়েছে। হেমায়েতপুর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের জন্য ৯৯.২৫ একর ভূমি অধিগ্রহণের নিমিত্ত গত ২৬ জুন ২০২২ তারিখ জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা হতে অধিগ্রহণকৃত সম্পত্তির চূড়ান্ত প্রাক্কলন পাওয়া গিয়েছে। গত ২৬ জুন ২০২২ তারিখ প্রাক্কলিত সমুদয় অর্থ বাবদ প্রায় ৯৩৪.৮৪ কোটি টাকা পরিশোধ করা হয়েছে। গত ৩১ জুলাই ২০২২ তারিখ ৮ ধারার নোটিশ জারী করা হয়েছে। ক্ষতিগ্রস্থ ভূমি মালিকগণের মাঝে ক্ষতিপূরণের চেক বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।